শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০০০২.১৭-১৩৮

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৪ / ১১ এপ্রিল ২০১৮

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩০৫২/২০১৬ (কনটেম্পট পিটিশন নং-৫২৬/২০১৭) মামলার ১১/০১/২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশ নিষ্পত্তিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রতিটিতে স্কিলস্ ডেভেলপমেন্ট প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন খন্ডকালীন শিক্ষক (ইনস্ট্রাক্টর/জুনিয়র ইনস্ট্রাক্টর) নিয়োগ দেয়া হয়। উক্ত প্রকল্পটি গত ৩০/০৬/২০১৫ খ্রি: তারিখে শেষ হয়। প্রকল্প শেষ হওয়ার পর কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে তাঁদের দায়িত্ব পালনের ব্যাপারে কোন প্রশাসনিক আদেশ জারি করা হয়নি। প্রকল্প সমাপ্ত হওয়ার পর প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগপ্রাপ্ত খন্ডকালীন শিক্ষকগণের পক্ষে জনাব মুহাম্মদ সামসুদ্দীন গং (২৪১ জন) তাদের চাকুরী আত্তীকরণ/নিয়মিতকরণ/স্থায়ীকরণের জন্য মাননীয় হাইকোর্টে রিট পিটিশন নং-১৩০৫২/২০১৬ দায়ের করেন। মাননীয় আদালতের গত ১১/০১/২০১৭ তারিখের রায়ে বিধি মোতাবেক যত দ্রুত সম্ভব বাদীগণের কাম্য যোগ্যতা এবং একই/সমপদ প্রাপ্যতা সাপেক্ষে চাকুরির ধারাবাহিকতা ও অন্যান্য সুবিধাদিসহ রাজস্বখাতে নিয়মিতকরণ/আত্মীকরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি নির্দেশনা দেয়া হয়। মূল রায়ের অংশবিশেষ নিম্নরূপ:

"..... the concerned authorities are directed to regularize/absorb the petitioners under the revenue budget with continuity of service and other benefits under the respective Ministries of the petitioners in accordance with law provided that they have requisite qualifications subject to availability of the same/equivalent posts as admissible in law as expeditiously as possible. With the above observations and directions, the Rules are disposed of"

০২। উক্ত মামলার রায় প্রকাশের পর পিটিশনারগণকে রায়ের নির্দেশনা মোতাবেক চাকুরিতে আত্তীকরণ/নিয়মিতকরণ/স্থায়ীকরণ না করার কারণে পিটিশনারগণ কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৫২৬/২০১৭ দায়ের করা হয়। এ কনটেম্পট মামলার ২৭/০২/২০১৮ খ্রি. তারিখের শুনানিতে মূল রিট মামলার ১১/০১/২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশ ০২ (দুই) মাসের মধ্যে বাস্তবায়নের জন্য কনটেম্পটনর-রেসপনডেন্টস্ এর প্রতি নির্দেশনা দেয়া হয়।

০৩। উল্লেখ্য, কারিগরি শিক্ষা অধিদপ্তরের অর্গানোগ্রামে ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট (ভিটিআই) সমূহে স্কিলস্ ডেভেলপমেন্ট প্রকল্পের খন্ডকালীন শিক্ষকগণের অনুরূপ/সমমানের কোন স্থায়ী পদ বিদ্যমান নেই, বিদ্যমান ৫১টি ভিটিআই-এ ৬৩৭টি স্থায়ী/অস্থায়ী শিক্ষক পদ বিলুপ্ত হওয়ায় এবং বর্ণিত মামলার ১১/০১/২০১৭ তারিখের রায়ে উল্লেখিত শর্ত পূরণ না হওয়ায় পিটিশনারগণকে রাজস্বখাতে নিয়মিতকরণ/আত্মীকরণের কোন সুযোগ নেই। তবে ভবিষ্যতে পিটিশনারগণের অনুরূপ/সমমানের পদ রাজস্বখাতে সৃজন করা হলে {ইনস্ট্রাক্টর (টেক)/ইনস্ট্রাক্টর (নন-টেক) ও জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক)} তখনকার অর্গানোগ্রাম অনুযায়ী মাননীয় হাইকোর্টের আদেশ অনুসারে তাঁদের বিষয়টি বিবেচনা করা হবে।

০৪। এমতাবস্থায়, মাননীয় আদালতের উপরি-উক্ত নির্দেশনা অনুযায়ী বিষয়টি নির্দেশক্রমে নিষ্পত্তি করা হলো।

১১.৪.১৮
(ড. শ্রীকান্ত কুমার চন্দ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন- ৯৫৭৫২৭২

জনাব মুহাম্মদ সামসুদ্দীন
পিতা- মুহাম্মদ শাহজাহান
ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)
জয়পাড়া টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, দোহার, ঢাকা।
গং (২৪১ জন)

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।